

তারিখ: ১৪.০৫.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/টিভি চ্যানেল/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/তারা বাংলা/ বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: ময়মনসিংহ শহরের চৌরঙ্গী মোড় এলাকায় বখাটেপনার প্রতিবাদ করায় বাড়ীতে ঢুকে এক নারীকে কুপিয়ে হত্যা এবং বাঁধা দেয়ায় ওই নিহত নারীর মেয়েকে কুপিয়ে যখম করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার ও যথাযথ শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ১৪.০৫.২০১৭ ইং তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, গত ১২.০৫.২০১৭ ইং তারিখ শুক্রবার রাতে ময়মনসিংহ শহরের চৌরঙ্গী মোড় এলাকায় বখাটেপনার প্রতিবাদ করায় বখাটেরা বাড়ীতে ঢুকে আনোয়ারা বেগম নাকে এক নারীকে কুপিয়ে হত্যা করেছে। এসময় তার মেয়ে খুশি (১৫) বাঁধা দিতে গেলে তাকেও বখাটেরা কুপিয়ে মারাত্মক যখম করে। বর্তমানে খুশি ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে।

বাংলাদেশ মহিলা পরিষদ এই ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, সূষ্ঠ ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণসহ নির্যাতনের শিকার পরিবারের নিরাপত্তা নিশ্চিতকরণ ও আহত কন্যার সুচিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে। এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে আশু কার্যকর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনসহ সংশ্লিষ্টদের কাছে জোর দাবি জানাচ্ছে। সেইসাথে দেশব্যাপী নারী ও কন্যাশিশু নির্যাতনের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

ধন্যবাদসহ-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মহিলা পরিষদ

কেন্দ্রীয় কমিটি

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ

কেন্দ্রীয় কমিটি